# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩৭

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কবরে সালাতুল জানাযা আদায় করা।

## باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عَلَى الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا الشَّيْبَانِيُّ، حَدَّثَنَا الشَّعْبِيُّ، أَخْبَرَنِي مَنْ، رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم وَرَأَى قَبْرًا مُنْتَبِذًا فَصَفَّ أَصْحَابَهُ خَلْفَهُ فَصَلَّى عَلَيْهِ فَقِيلَ لَهُ مَنْ أَخْبَرَكَهُ فَقَالَ ابْنُ عَبَّاسٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَبُرَيْدَةَ وَيَزِيدَ بْنِ ثَابِتٍ وَأَبِي هُرَيْرَةَ وَعَامِرِ بْنِ رَبِيعَةَ وَأَبِي قَتَادَةَ وَسَهْلِ بْنِ حُنَيْفٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لاَ يُصَلَّى عَلَى الْقَبْرِ . وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنَسٍ . وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ إِذَا دُفِنَ الْمَيِّتُ وَلَمْ يُصَلَّ عَلَيْهِ صُلِّيَ عَلَى الْقَبْرِ . وَرَأَى ابْنُ الْمُبَارَكِ الصَّلاَةَ عَلَى الْقَبْرِ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ يُصَلَّى عَلَى الْقَبْرِ إِلَى شَهْرٍ . وَقَالاَ أَكْثَرُ مَا سَمِعْنَا عَنِ ابْنِ الْمُسَيَّبِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صَلَّى عَلَى قَبْرِ أُمِّ سَعْدِ بْنِ عُبَادَةَ بَعْدَ شَهْرٍ .

বাংলা

১০৩৭. আহমদ ইবনু মানী’ (রহঃ) ..... শা’বী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখেছেন এমন এক ব্যক্তি আমাকে বলেছেন যে, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সাধারণ কররস্থান থেকে) দূরে বিচ্ছিন্ন একটি কবর দেখতে পেলেন। তখন সঙ্গী সাহাবীদের কাতার করে এতে সালাতুল জানাযা আদায় করলেন। শা’বী (রহঃ) কে বলা হয়, কে আপনাকে এই রিওয়ায়াত করেছেন? তিনি বললেন, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু। - ইবনু মাজাহ ১৫৩০, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৩৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস, বুরায়দা, ইয়াযীদ ইবনু ছাবিত, আবূ হুরায়রা, আমির ইবনু রাবীয়া, আবূ কাতাদা ও সাহল ইবনু হুনায়ফ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্বাস

রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। অধিকাংশ সাহাবী ও অপরাপর আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। এ হলো ইমাম শাফিঈ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কোন কোন আলিম বলেন, কবরে সালাতুল জানাযা আদায় করা যাবে না। এ হলো ইমাম মালিক ইবনু আনাস (রহঃ) এর অভিমত। ইবনু মুবারক বলেন, যদি মৃত ব্যক্তিকে সালাতুল জানাযা ছাড়াই দাফন করা হয় তবে তার কবরে সালাতুল জানাযা আদায় করা যাবে। এতে বুঝা যায় ইবনু মুবারক কবরে সালাতুল জানাযা আদায়ের পক্ষে মত প্রকাশ করেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) বলেন, দাফনের এক মাস পর্যন্ত কবরে সালাতুল জানাযা আদায় করা যায়। তারা বলেন, এই বিষয়ে সর্বাধিক যে সময়সীমা আমরা শুনেছি তা হলোঃ ইবনুল মূসায়্যাব (রহঃ) থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা’দ ইবনু উবাদা রাদিয়াল্লাহু আনহু এর মাতার কবরে একমাস পর সালাতুল জানাযা আদায় করেছিলেন।

## English

Ash-Shaibani narrated that:
Ash-Sha'bi said: "I was informed by one who saw the Prophet: He (pbuh) saw a solitary grave, s he lined his Companions (behind him) to pray over it." It was said to him (Ash-Sha'bi): "Who informed you?" He said: "Ibn Abbas."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ শা‘বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন